

বাবা আবার আমার খেলা দেখতে পারবেন : শ্রীজেশ

কোচি, ৫ ডিসেম্বর : হার্টের সমস্যা নিয়ে শনিবার ভারতীয় হকি দলের বর্ধমান গোলরক্ষক পিআর শ্রীজেশের বাবা রবীন্দ্রন পাঠানু হাসপাতালে ভর্তি হয়েছিলেন। তবে সফল অ্যাপ্রিস্ট্রি পর তিনি সুস্থ রয়েছেন। যার ফলেই স্বস্তি ফিরেছে শ্রীজেশের মনে। বাবাকে সুস্থ হতে দেখার পর তাঁর প্রতিক্রিয়া, 'বাবা আবার আমার খেলা টিভিতে দেখতে পারবেন।'
রবিবার বেঙ্গলিয়ামের বিরুদ্ধে ম্যাচ ছিল ভারতের। ম্যাচ শুরু আগে সাধারণত বাড়ির লোকের সঙ্গে কথা বলেন শ্রীজেশ। কিন্তু সেদিন বাড়ির লোক ফোন না তোলায় অজানা উৎকণ্ঠা নিয়েই মাঠে নামেন তিনি। আর ম্যাচ শেষের পরই বাবার হাসপাতালে ভর্তি হওয়ার খবর আসে শ্রীজেশের। বিন্দুমাত্র সময় নষ্ট না করে রবিবার বিকলেই হোমটাউন এরনাকুলামে ফিরে এসেছিলেন তিনি। বাবা ক্রমশ সুস্থ হয়ে ওঠায় বুধবারই দলের সঙ্গে যোগ দিয়েছেন শ্রীজেশ। ভুবনেশ্বরে ফিরে এসেছেন তিনি বলেছেন, 'আমার বাবা একজন হার্টের রোগী। যার জন্য একবছর ধরে চিকিৎসা চলছে তাঁর। সোমবার ওনার অ্যাপ্রিস্ট্রি হয়েছে। বাবাকে দেখার জন্য এরনাকুলামে ছুটে গিয়েছিলাম। ভাগ্য ভালো কানাডা ম্যাচের আগে বেশ কিছুদিন বিরতি রয়েছে। যার জন্য বাড়ি আসার অনুমতি পেয়েছিলাম। বাবাকে সুস্থ হতে দেখে ভালো লাগছে। ওনার আশীর্বাদ মেনে কানাডার বিরুদ্ধে নামতে পারব। বাবা আবার আমার খেলা টিভিতে দেখতে পারবেন।'
বেঙ্গলিয়ামের বিরুদ্ধে খুব ভালো পারফর্ম না করা শ্রীজেশ আরও বলেন, 'ম্যাচের আগের দিন ঘুমতে পারিনি আমি। মনে হচ্ছিল কিছু একটা খারাপ হতে চলেছে। তবে বাবা যে হাসপাতালে ভর্তি হলেন সেটা ভাবিনি। সাধারণত ম্যাচের আগে আমি বাড়ির লোকের সঙ্গে কথা বলি। কিন্তু রবিবার ওনার সঙ্গে কথা না বলেই মাঠে নেমেছিলাম। এরকম আগে কখনও হয়নি। তবে এখন বাবা সুস্থ হতে শুরু করায় ভালো লাগছে। আশা করি খুব শীঘ্রই বাবা বাড়ি ফিরে আসবেন।'



কলকাতা বিমানবন্দরে ইস্টবেঙ্গলের নতুন বিদেশি হাইমে স্যান্টোস কোলাডো।

অনুশীলন বন্ধ আমনার, কলকাতায় কোলাডো

আলেহান্দ্রোর ভাগ্যপরীক্ষা ডার্বিতেই

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৫ ডিসেম্বর : মৌচাক টিল মেয়েছেন রঞ্জিত বাজাজ। আর তাতেই ফেডের বিস্ফোরণ লাল-হলুদ শিবিরে।
কলকাতায় পা রাখার পর থেকেই ইস্টবেঙ্গল কর্তা দেবব্রত সরকার, আলভিটো ডি'কুনহাদের একের পর এক বাকবাহাণে বিবেছেন মিনার্ভা পাঞ্জাবের কর্ণধার। সেখানেই শেষ নয়, মঙ্গলবার যুবভারতীতে ইস্টবেঙ্গলকে পৃথক করে কাটা ঘায়ে নুনের ছিটে দিয়ে গিয়েছেন বাজাজ। বিক্রপের সুরে তিনি বলেন, 'ইস্টবেঙ্গলে একটা ভাইরাস আছে। তার জনেই দলের এই কর্ণধার প্রার্থনা করব, ইস্টবেঙ্গলের অনূর্ধ্ব-১৮ দলকে এই ভাইরাসের হাত থেকে তিনি রক্ষা করুন।' ফুটবল মহলের কাছে স্পষ্ট, নাম না করে মশাল শিবিরের কোন প্রাক্তন ফুটবলারকে বিধিত চেয়েছেন রঞ্জিত বাজাজ। আর এইসব শুনেই মেজাজ হারাচ্ছেন লাল-হলুদের শীর্ষ কর্তারা। সুখদেব কাও ট্রান্সফার ব্যান ইস্তাতে একবার নাস্তানাবুদ হতে হয়েছে বাজাজের কাছে। মাঠের বাইরের মতো এবার মাঠের লড়াইয়েও লাল-হলুদকে ব্যাকফুটে ফেললেন মিনার্ভার কর্ণধার এবং তার দল। সব মিলিয়ে বাজাজের নাম শুনেই তেলে বেগুনে ছলে উঠছেন মশাল বাহিনীর দণ্ডমুণ্ডের কর্তারা।

অন্যদিকে, দলের পারফরম্যান্স নিয়ে ক্রমেই দূরত্ব বাড়ছে কোয়েস এবং ইস্টবেঙ্গল কর্তাদের। কোচ থেকে বিদেশি ফুটবলার — কারোর উপর সস্তুষ্ট নন লাল-হলুদের শীর্ষকর্তারা। তবে ইনভেস্টমেন্টের জামানায় প্রায় নখদস্তুরী অবস্থা ক্লাবকর্তাদের। ফলে অতীতে মর্গান, খালিদ, বিশ্জিং উভ্যচ্যবাদের সরানোর ক্ষেত্রে যে ভূমিকা পালন করেছিলেন তাঁরা, আলেহান্দ্রোর ক্ষেত্রে তা পারছেন না দেবব্রত সরকাররা। তবে ১৬ ডিসেম্বর ডার্বিতে হয়তো শেষ সুযোগ পাচ্ছেন ইস্টবেঙ্গলের স্প্যানিশ কোচ। গোকুলাম এবং ডার্বি ম্যাচে বার্থ হলে তাঁকে সরানোর ব্যাপারে কোয়ার্টেবে নামবেন লাল-হলুদের শীর্ষকর্তা। সব মিলিয়ে আই লিগের মাঝপথ না গড়াতেই অগ্নিগর্ভ মশাল শিবির।
এদিকে, টানা তিন ম্যাচ হারের ধাক্কা দিয়েছে হারা আলহান্দ্রোর দলের। এরই মধ্যে নতুন শিরঃপীতা হয়ে দেখা দিলেন আল আমনা। অনুপস্থিতিতেই স্পষ্ট। কোয়েস ইস্টবেঙ্গলের সিইও সঞ্জিৎ সেনের কথাতেও সেই ইঙ্গিতই পাওয়া যায়। তিনি বলেন, 'আমরা এখনও সুস্থ হয়ে উঠতে পারিনি। আমরা ওর মেডিকেল রিপোর্ট নিয়ে কোচের সঙ্গে আলোচনা করছি। আশা করছি দু-একদিনের মধ্যেই ওর ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে নিতে পারব।' সূত্রের খবর, আমনা বিদ্যায়

বাদ সাধে রিজি ক্রুজ ইস্তা। সিরিয়ান তারকার সঙ্গে ইস্টবেঙ্গলের যে চুক্তি সেখানে কোনো রিজি ক্রুজই নেই। তারই সমাধানে এদিন আমনার সঙ্গে দীর্ঘ বৈঠক সারলেও কোনো সুদ্রই বের করতে পারেননি কোয়েস কর্তারা। এদিকে, আমনাকে নিয়ে টালবাহানার মধ্যেই বুধবার শহরে চলে এলেন ইস্টবেঙ্গলের যষ্ঠ বিদেশি হাইমে স্যান্টোস কোলাডো। দীর্ঘ বিমানযাত্রার ক্লাস্তি থাকলেও বৃহস্পতিবারই আলেহান্দ্রোর অনুশীলনে যোগ দিতে চলেছেন তিনি। তাঁকে আনতে বিমানবন্দরে উপস্থিত ছিলেন সিইও সঞ্জিৎ সেন এবং স্প্যানিশ কোয়েস সহকারী মারিও রিভেইরো।
অন্যদিকে, মিনার্ভা ম্যাচে হারের শোক এখনও কাটিয়ে উঠতে পারেননি ইস্টবেঙ্গলের ফুটবলাররা। তবে অতীত ব্যর্থতা ভুলে আপাতত শনিবারের গোকুলাম ম্যাচে নজর কোচ আলহান্দ্রোর। বুধবার ডার্বিতে সস্তুষ্ট হলেই স্পষ্টই শুরু করে দিলেন তিনি। মিনার্ভা ম্যাচের প্রথম একাধিক বোল পায়ে অনুশীলনে না নামলেও বাকিরা পুরোদমে অনুশীলন হারেন ম্যাচে। এদিকে, মিনার্ভা ম্যাচে কুচকিত হলেও কোচের প্রথম একাধিক বিস্কোপার জনি আকোস্টা। শনিবারের মধ্যে তিনি সুস্থ না হয়ে উঠলে মরশুম প্রথমবারের জন্য ভাগ্যে শিরঃপীতা হতে পারে সালমা গল্পনের। তবে লিগে অগ্নিগর্ভ পেতে আপাতত নতুন আসা কোলাডোর দিকেই তাকিয়ে কোচ আলহান্দ্রো মেনেভেজ গার্সিয়া।

অস্ট্রেলিয়ান ওপেন দু'বছর পর সেরেনা

মেলবোর্ন, ৫ ডিসেম্বর : দু'বছরের মাথায় অস্ট্রেলিয়ান ওপেনে প্রত্যাবর্তন ঘটছে সেরেনা উইলিয়ামসের। বছরের প্রথম গ্র্যান্ড স্ল্যামে খেলার ব্যাপারে বুধবারই আয়োজকদের সম্মতি দিয়েছেন ৩৭ বছরের এই মার্কিন তারকা। ২০১৭ সালে শেষবার মেলবোর্ন পার্কে খেলতে দেখা গিয়েছিল ২৩ বারের গ্র্যান্ড স্ল্যাম বিজয়ীকে। সেবার ট্রফি হাতেই অস্ট্রেলিয়ান ওপেন শেষ করেছিলেন সেরেনা। এবার ট্রফি জিতে মার্গারেট কোর্টের ২৪টি গ্র্যান্ড স্ল্যাম জয়ের নজির ছুঁতে মরিয়া তিনি। সেরেনার পাশাপাশি অস্ট্রেলিয়ান ওপেনে খেলার ব্যাপারে সম্মতি দিয়েছেন রাফায়েল নাদাল এবং অ্যান্ডি মারো। সেইসঙ্গে ট্রফি জয়ের লড়াইয়ে দেখা যাবে গভাবারের চ্যাম্পিয়ন রজার ফেডেরার এবং একনব্বের তারকা নোভাক জকোভিচকেও।
১৪ জানুয়ারি থেকে শুরু হতে চলেছে ২০১৯-এর অস্ট্রেলিয়ান ওপেন। টুর্নামেন্টে অংশ নিচ্ছেন ক্রমডালিকার প্রথম ১০২ জন মহিলা প্রতিযোগী। পুরুষ বিভাগে খেলতে দেখা যাবে রায়ফিংয়ে প্রথম ১০১-এ থাকা খেলোয়াড়দের। আয়োজকদের পক্ষ থেকে ক্রেগ টিল বলেন, '২০১৭ সালে সন্তানসম্ভবা অবস্থা মেলবোর্নে খেলতে নেমেছিলেন সেরেনা। মা হওয়ার পর এবার প্রথমবার তাকে অস্ট্রেলিয়ান ওপেনে খেলতে দেখা যাবে। অন্যদিকে, ছ'বছর অস্ট্রেলিয়ান ওপেন জয়ী ফেডেরারও খেলার ব্যাপারে সম্মতি জানিয়েছেন। সম্পূর্ণ সুস্থ হয়ে অস্ট্রেলিয়ান ওপেনে নামতে মরিয়া রাকো। সব মিলিয়ে বছরের শুরুতেই আমরা আশা করছি একটা দুরন্ত লড়াই দেখতে পাবেন টেনিসপ্রেমীরা।'

চাপ কাটাতে মনোবিদের ক্লাসে সনিরা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৫ ডিসেম্বর : মানসিক দৃঢ়তা বাড়তে সনি-শিলটনের ক্লাসে নিলেন মনোবিদ মৃগাল চক্রবর্তী। মঙ্গলবার দুপুর তিনটে থেকে বাগানের অনুশীলন হওয়ার কথা থাকলেও তার ঘটনাক্রমে আসে থেকেই ড্রেসিংরুমে শুরু হয়ে যায় মনোবিদের ক্লাস। চলতি মরশুমের শুরু থেকেই যুবভারতীতে এখনও মহমেদান ম্যাচ ছাড়া জয় অধরা সবুজ-মেরুনের। কলকাতা লিগে ইস্টবেঙ্গলের বিরুদ্ধে দু-গোলে এগিয়ে থেকেও মেম জিততে পারেনি হেনরি-ডিকার। তেমনই শেষে মোহাই ম্যাচেও গোল ধরে রাখতে ব্যর্থ হন বাগান ফুটবলাররা। এই পরিস্থিতিতে ডার্বি ম্যাচ খেলতে নামার আগে ভারতীয় হকি দলের প্রাক্তন মনোবিদের শরণাগম হল শংকরলাল চক্রবর্তীর দল।
মঙ্গলবার দুপুর দেড়টা নাগাদ শুরু হয় এই বিশেষ ক্লাস। কিন্তু সম্পূর্ণ গোপনে হল এই ক্লাস। প্রযুক্তিগত সুবিধা নিয়েই মৃগাল চক্রবর্তী এবং তার সহযোগী বাগান

ফুটবলারদের ক্লাস নেন। সূত্রের খবর, ফুটবলারদের প্রথমে অ্যাথলিটিক্সের ভিডিও দেখানো হয়। কীভাবে একজন অ্যাথলিট ট্র্যাকে পিছিয়ে পড়েও ফিরে আসে তার উদাহরণ তুলে ধরা হয় ফুটবলারদের সামনে। যুবভারতীতে খেলতে কোনো মানসিকচাপ তাঁরা অনুভব করছেন কিনা তা ফুটবলারদের কাছে জানতে চান হাইপ্রোফাইল এই মনোবিদ। এরপর শুরু হয় কিংসলে-উইতাদের মানসিক দৃঢ়তা বাড়ানোর ক্লাস। প্রত্যেক ফুটবলারের বিশেষ ক্লাস নেন মনোবিদ এবং তাঁর সহযোগীরা। এমনিই সনি-শিলটন-কিংসলে এই তিন ফুটবলারের সঙ্গে আলাদা কথা বলেন মনোবিদ, জানতে চান আই লিগটাকে তারা কীভাবে দেখছেন। চ্যাম্পিয়নশিপে ফিরতে কী করা যায় তা এই তিন সিনিয়র ফুটবলারের থেকে জানতে চান মৃগাল চক্রবর্তী। কিন্তু বড়ো ম্যাচের কোনো প্রসঙ্গ উত্থারণ করা হয়নি এই ক্লাসে। যদিও ক্লাস নিয়ে মুখে কুলুপ এঁটেছেন মৃগাল চক্রবর্তী এবং দলের সব সদস্যই।



মোহনবাগান অনুশীলনে সনি নরতি।

রাজ্য ভলিবল

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৫ ডিসেম্বর : ৬৭তম রাজ্য ভলিবল প্রতিযোগিতায় পুরুষ বিভাগে জয় পেলে ইস্টার্ন রেলওয়ে। বালি দেশবন্ধু ক্লাবকে তারা হারাতে ৩-০ সেটে। এর পাশাপাশি জয় পেয়েছে মিলন সমিতি এবং কলকাতা পুলিশ অ্যাথলিটিক ক্লাবও। গত ২৬ নভেম্বর থেকে ময়দানের ভলিবল ট্রাউন্ডে পুরুষ এবং মহিলা বিভাগে শুরু হয়েছে এই রাজ্য চ্যাম্পিয়নশিপ। অংশ নিয়েছে ২২টি পুরুষ এবং ১৮টি মহিলা দল।

সেমিতে বাংলা

কটক, ৫ ডিসেম্বর : বিসি রায় ট্রফিতে সেমিফাইনালে উঠল বাংলা। কটকে বরবাটী স্টেডিয়ামে দিল্লিকে ১-০ গোলে হারাল বাংলা দল। ৮৫ মিনিটে ম্যাচের একমাত্র গোলাট করে রাজু মাহাতা। গোটা ম্যাচে একাধিক সুযোগ পেলেও তা কাজে লাগতে পারেনি বাংলা দল। যদিও দিনের শেষে জয় আসায় স্বস্তি বাংলা শিবিরে। আগামী শুক্রবার সেমিফাইনালে বাংলার প্রতিপক্ষ মিজোরাম।

এখনই প্রথম শ্রেণির ক্রিকেট ছাড়ছেন না কার্তিক

চেন্নাই, ৫ ডিসেম্বর : ওডিআই ও টি২০ ফর্মাটে কোকাস করার জন্য গতমাসে প্রথম শ্রেণির ক্রিকেটকে গুডবাই জানিয়েছেন ভারতের তারকা মিডলঅর্ডার ব্যাটসম্যান আশ্বিনি রায়ডু। যদিও সেপথ পে পা বাড়তে চান না উইকেটরক্ষক-ব্যাটসম্যান দীনেশ কার্তিক।
টি২০ ফর্মাটে নিয়মিত হওয়ার পাশাপাশি আগামী বছরের বিশ্বকাপেও নির্বাচকদের ভাবনায় টুকে পড়েছেন কার্তিক। যদিও তারজন্য প্রথম শ্রেণির ক্রিকেট এখনই ছাড়তে রাজি নন তামিলনাড়ুর এই তারকা। এপ্রসঙ্গে কার্তিক বলেছেন, 'প্রথম শ্রেণির ক্রিকেট ছাড়ার কোনো ভাবনা এখনই নেই। কেননা আমি এখনও তামিলনাড়ুর জার্সিতে মাঠে নামা উপভোগ করি। যেদিন নিজেকে দলের জন্য বোঝা মনে হবে সেদিন সরে যাব। তার আগে পর্যন্ত খেলে যেতে চাই। কেননা, রাজ্যের হয়ে রনজি ট্রফি জেতা আমার প্রধান স্বপ্ন।' চলতি বছরটা দুর্দান্ত কেটেছে কার্তিকের। তাঁর বক্তব্য, 'বছরটা সতিই খুব ভালো কাটল। আগামী বছর অনেক কিছু রয়েছে। আপাতত সেদিকেই তাকাতে চাই।' তবে এখনই বিশ্বকাপের ভাবনায় টুকে তার রনজি নন ৩৬ বছরের এই তারকা। কলকাতা নাইট রাইডার্সের অধিনায়কের কথায়, 'বিশ্বকাপ নিয়ে এখনই ভাবতে চাই না। তাহলে নিজের উপর অহেতুক চাপ বাড়বে। সামনে অনেক ক্রিকেট রয়েছে। সেদিকেই মনোনিবেশ করতে চাই।'



বল দখলের চেষ্টা ম্যাগ্গেস্টার সিটির লেয়র সানের।

অনুশীলনে পুরুষ বক্সার চান মেরি

নয়াদিল্লি, ৫ ডিসেম্বর : সদস্যমণ্ডল বিশ্বচ্যাম্পিয়নশিপে কার্যত বিনা বাধায় তিনি ষষ্ঠ সোনা গলায় ঝুলিয়েছেন। সেখানে যে সেরকম কোনো প্রতিদ্বন্দ্বিতা উপভোগ করেননি সেটা আগেই জানিয়েছিলেন তিনি। এমনিই অনুশীলনেও ভালোমানের মহিলা বক্সারের অভাব অনুভব করছেন ভারতের আয়রন লেডি এমসি মেরিকম। যার ফলে পুরুষ বক্সারদের সঙ্গে প্র্যাকটিস করতে চাইছেন এই মণিপুরি তারকা। ইন্ডিয়ান ফেডারেশন অফ স্পোর্টস গেমিয়ার এক অনুষ্ঠানে এপ্রসঙ্গে তিনি বলেন, 'অনুশীলনের জন্য ভালোমানের পাটনার পাওয়া খুব মুশকিল। যারা আছে তারা কেউ সাহায্য করতে চায় না। বিশ্বচ্যাম্পিয়নশিপে যারা সুযোগ পাননি তারা চলে গিয়েছে। যদি আমার প্রস্তুতিতে ব্যাঘাত ঘটে তাহলে পুরুষ বক্সার খুঁজতে হবে। ২০১২ সালের লন্ডন অলিম্পিকের আগে এধরনের প্রস্তুতি নিয়েছিলাম আমি। বিশ্বচ্যাম্পিয়নশিপের সাক্ষর্য ভুলে আপাতত টোকিও অলিম্পিককে পাখির চোখ করেছেন মেরি কম। যেখানে তাঁকে ৫১ কেজিতে নামতে হবে। যার জন্য এখন থেকেই ৫১ কেজিতে সন্তোষ প্রতিক্রিয়া নিয়ে ভিডিও দেখতে শুরু করেছেন ছয়বছরের বিশ্বচ্যাম্পিয়ন। মেরির লিড নেয় সিটি। ৫১ মিনিটে গ্যারিয়েল জেসোসের পাশ থেকেই স্কোরশিট নাম তোলেন মাহরাজ। শেষ কোয়ার্টার সিটির গাছাড়া মনোভাবের সুযোগ নিয়ে ৮৫ মিনিটে একটি গোল গোল শোধ করেন আবালোয়ে ভোকোরো। জয়ের পর গুয়ার্ডিও বক্সেছেন, '২-০তে এগিয়ে যাব ওনার পর আমরা কিছুটা সিলেমি দিয়েছিলাম। যার জন্য গোল খেয়েছি। শেষলয়ে এমন কিছু যে হতে পারে সেটার ধারণা ছিল। তবে ৭০ মিনিট পর্যন্ত আমারা ই একতরফা প্রাধান্য রেখেছিলাম।'

কষ্টার্জিত জয় ম্যান সিটির

লন্ডন, ৫ ডিসেম্বর : গত মরশুমে ইপিএলের প্রথম দল হিসেবে ১০০ পর্যাট নিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল তারা। একই পুনরাবর্তিত আবারও ঘটবে এই কিনা সেটা চলতি মরশুমের শেষে জানা যাবে।
কি মঙ্গলবার রাতে ওয়াটফোর্ডের বিরুদ্ধে ২-১ গোলে কষ্টার্জিত জয়ে দ্বিতীয় স্থানে থাকা লিভারপুলের চেয়ে পাঁচ পর্যাটে এগিয়ে রইল ম্যাগ্গেস্টার সিটি। ১৫ ম্যাচে তাদের পর্যাট ৪১। এক ম্যাচ কম খেলে লিভারপুলের সংগ্রহ ৩৬।
অ্যাগুয়ে ম্যাচে এদিন প্রথম একাদশে ছয়টি পরিবর্তন করেন ম্যান সিটির কোচ পেপ গুয়ার্ডিওলা। যার ফলে সোটা ম্যাচে প্রাধান্য পাকলেও আক্রমণ দানা বাঁধনি সিটিজেনের পাশাপাশি ওয়াটফোর্ড গোয়ালরক্ষক বেন ফক্টার তেকারির নীচে দুর্ভেদ্য হয়ে ওঠায় গুয়ার্ডিওলায় ছেলেনের কাজটা কঠিন হয়ে দাঁড়ায়। না হলে অন্তত পাঁচ গোলে জিততে পারত ম্যান সিটি।

প্রসাদের পরিবর্তে হ্যারিস

মোহালি, ৫ ডিসেম্বর : কিংস ইলেভেন পাঞ্জাবের কোচিং দলে যোগ দিলেন প্রাক্তন অসি তারকা রায়ান হ্যারিস। বেঙ্গল প্রসাদের পরিবর্তে দলের বোলিং কোচের দায়িত্ব সামলাবেন তিনি। প্রসঙ্গত, ২০১৯-এর আইপিএলকে মাথায় রেখে দলে আমূল পরিবর্তন এনেছেন শ্রীতি জিতান্না। কোচ হিসেবে ব্রাড হজ্জের পরিবর্তে নিয়ে আসা হয়েছে মাইক হেসনকে। দু'বছরের চুক্তি থাকা সত্ত্বেও আগেই মেন্টরের দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছিলেন বীরেন্দ্র শেখরাণা। এবার সেই পথ বেছে নিলেন আশর এক ভারতীয় বেঙ্গল প্রসাদও। ইতিমধ্যেই ফিল্ডিং কোচ হিসেবে কিংস ইলেভেনে নিয়ে আসা হয়েছে প্রাক্তন কিউই তারকা ক্রেগ ম্যাকমিলানকে। এবার হ্যারিসকে অন্তর্ভুক্তি দলের শক্তি আরও বাড়াবে বলেই মনে করছেন নবনিযুক্ত কোচ হেসন।

অনুষ্ঠান নানা চ্যানেলে

ঘর থেকে বেরোতে গিয়ে সন্তানসম্ভবা মালতী পা পিছলে পড়ে যায়। নিতাই ওই অবস্থায় মালতীকে দেখে সঙ্গে সঙ্গে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যায়। কী হবে মালতীর? **ঝিলডাঙ্গার কন্যা** রাত ৮টায় আকাশ আটে

খেলা
অজিদের বিরুদ্ধে ভারত কি পারবে ইতিহাস বদলাতে?
ক্রিকেট : সোনি টেন স্ট্রি/সোনি সিন্স : ভোর ৫.৩০, অস্ট্রেলিয়া বনাম ভারত, প্রথম টেস্ট ম্যাচের ১ম দিনের খেলা আড্ডিলেড থেকে। সোনি টেন টি : বেলা ১১.৩০ পাকিস্তান বনাম নিউজিল্যান্ড, তৃতীয় টেস্ট ম্যাচের ৪র্থ দিনের খেলা আর্ বাথ থেকে
হকি : স্টার স্পোর্টস ওয়ান/সিলেন্ট ওয়ান : হকি মেন'স ওয়ার্ল্ডকাপ, বিকেল ৪.৫০ স্পেন বনাম নিউজিল্যান্ড। সঙ্গে ৭.০০ অজেন্টানা বনাম ফ্রান্স
ফুটবল : স্টার স্পোর্টস ওয়ান/স্ট্রি/জলসা মুভিজ : সঙ্গে ৭.৩০ ইন্ডিয়ান সুপার লিগ, মুম্বই সিটি এফসি বনাম চেন্নাইইন এফসি
(ম্যাচগুলি দেখুন সরাসরি)
ডিডি বাংলা : সকাল ৭.০০ সকাল সকাল, ৮.০০ স্বর্ণযুগের গান, দুপুর ২.০০ সংবাদ, ২.৩০ আজকের রাতা, বিকেল ৪.০০ কেয়ারিয়ার প্রাস, ৫.০৫ ছায়াছবির গান, ৫.৩০ কৃষি দর্শন, সঙ্গে ৬.০০ ক্যামেরা চলেছে, ৬.৩০ সুস্বাস্থ্য, ৭.৩০ মুখলিক আসান, রাত ৯.০৫ কথায় কথায়, ১০.০০ সংবাদ প্রবাহ।

আলু চিড়ের মিষ্টি তৈরি শেখাবেন মল্লিকা ঘোষ। **রাঁধুনি** সঙ্গে ৬টায় আকাশ আটে

নিমকি ফুলকি সঙ্গে ৭টায় জি বাংলা সিনেমা

দ্যা লায়ন কিং বিকেল ৫টায় মুভিজ নাও চ্যানেলে

ডিডি বাংলা : বেলা ১১.০৫ আর্টস্ট্রী ফিরঙ্গী
আকাশ আট : দুপুর ১.৩০ দাদাভাই কার্ণাট বাংলা : দুপুর ২.০০ মধুর মিলন জলসা মুভিজ : সকাল ৯.৩০ দাদা, দুপুর ১২.৪০ সাধী, বিকেল ৩.৫০ জোশ, রাত ৯.৩০ এমএলএ ফটোকেন্ট জি বাংলা : সকাল ১০.০০ কলি, দুপুর ১.০০ ত্রিনেত্র, বিকেল ৪.০০ বস্তির মেয়ে রাধা, সঙ্গে ৭.০০ নিমকি ফুলকি, রাত ১০.০০ অন্তরাহা
ইউটিভি মুভিজ : সকাল ১০.৪৫ নাগিনা, দুপুর ১.৪৫ সোলা অরণ শবন, বিকেল ৫.২০ ওরদিওয়ানা-দ্য আয়রনম্যান, বিকেল ৮.১০ নজরানা, ১১.১৫ জগা জাসুস
বিফোরইট মুভিজ : দুপুর ১২.০০ বাদশা, বিকেল ৩.০০ মেলা, সঙ্গে ৬.০০ গুরুবাব, রাত ৯.০০ তাকত এইচবিও : বেলা ১১.১০ ব্যাটম্যান বিগিনস, দুপুর ১.৩৮ স্ট্রায়ি মুভি, ২.৫১ জি আই জো-ন্য রাইজ অফ কোবরা, বিকেল ৪.৫০ এক্সপ্লোরান, সঙ্গে ৬.৫৮ মিশন ইমপসিবল রাত ৯.০০ দ্য ইতালিয়ান জব, ১১.০৫ সিটি হাটরা।